



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ব্যাডমিন্টন ও ক্যারাম প্রতিযোগিতা ২০২৩ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ব্যাডমিন্টন ও ক্যারাম প্রতিযোগিতা ২০২৩। ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের ব্যাডমিন্টন খেলার মাঠে বেলুন ও ফেণ্টুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, আন্তঃবিভাগ টুর্নামেন্টের উদ্দেশ্য হচ্ছে বিভাগগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়ন এবং হৃদয়তা সৃষ্টি করা। খেলাধুলায় প্রতিযোগিতা থাকবে, তবে সে প্রতিযোগিতা হবে সৌহার্দ্যপূর্ণ ও ভ্রাতৃত্বসুলভ। জয় পরাজয় মেনে নিয়ে একে অপরের পাশে থাকতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান উপাচার্য মহোদয়। এসময় খেলাধুলাসহ অন্যান্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন উপাচার্য মহোদয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক রিফাত মাহমুদের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। আন্তঃবিভাগ ব্যাডমিন্টন প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ২১টি বিভাগ এবং ছাত্রী ইভেন্টে ১৮ টি বিভাগ অংশগ্রহণ করবে। এছাড়া আন্তঃবিভাগ ক্যারাম প্রতিযোগিতার ছাত্র ইভেন্টে ১৮টি বিভাগ এবং ছাত্রী ইভেন্টে ০৯টি বিভাগ অংশ নেবে। আগামী ২০ ফেব্রুয়ারি আন্তঃবিভাগ ক্যারাম এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ আন্তঃবিভাগ ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়